দৈনিক জনকণ্ঠ

তারিখ 09 JUN 2016
পৃষ্ঠা ১৪ কলাম ১

# কুমিল্লা বোর্ডে এসএসসিতে ৩৬৫ জনের ফল পরিবর্তন

**নিজস্ব সংবাদদাতা, কুমিল্লা, ৮ জুন ॥** কুমিল্লা শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষার পুনর্নিরীক্ষণে ৩৬৫ জনের ফল পরিবর্তন হয়েছে। এরমধ্যে ফল পরিবর্তন হয়ে পুনর্নিরীক্ষার জন্য আবেদনকৃত বিষয়ে জিপিএ-৫ পেয়েছে ৩০ জন। বুধবার দুপুরে এ ফল প্রকাশ করা হয়। কুমিল্লা শিক্ষা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ শহিদুল ইসলাম জানান, ফল প্রকাশের পর ৩৪ হাজার ৪২১ উত্তরপত্রের পুনর্নিরীক্ষণের জন্য পরীক্ষার্থীরা আবেদন করেছিল। এরমধ্যে ইংরেজীতে সর্বোচ্চ সংখ্যক অর্থাৎ ৪ হাজার ৫৯৫টি আবেদন পড়েছে। আবেদনকারীদের মধ্যে ৩৬৫ জনের ফল পরিবর্তন হয়েছে এবং ৩০ জন জিপিএ-৫ পেয়েছে। অকৃতকার্য আবেদনকারীদের মধ্যে উত্তীর্ণ হয়েছে ১২৮ জন। তবে গণিত ও সমাজবিজ্ঞান বিষয়ে অধিকসংখ্যক ফল পরিবর্তন হয়েছে বলেও তিনি জানিয়েছেন।